

Times Today BD

শাহজাহান আলী বিপাশ | দেশজুড়ে | 22 April, 2025

ঝিনাইদহের শৈলকূপা উপজেলার আনিপুর গ্রামে আধিপত্য বিস্তারের জের ও ধান ক্ষেতে পানি বন্ধ করাকে কেন্দ্র করে দু'পক্ষের সংঘর্ষে নারীসহ অন্তত ৭ জন আহত হয়েছেন।

সোমবার বিকেলে শৈলকূপা উপজেলার আনিপুর গ্রামে এ ঘটনা ঘটে। আহতদেরকে উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে।

স্থানীয়রা জানায়, এলাকায় আধিপত্য বিস্তার নিয়ে ওই গ্রামের দবির মন্ডল ও আবু তালেবের সমর্থকদের মধ্যে এলাকায় দীর্ঘদিন ধরে বিরোধ চলে আসছিলো। এরই জের ধড়ে সোমবার দুপুরে গ্রামের মাঠে ধান ক্ষেতে সেচ দেওয়াকে কেন্দ্র করে দবির মন্ডলের সমর্থক রাফিজের সাথে আবু তালেবের এক সমর্থক আমিরুলের কথাকাটা কাটি হয়। এরই এক পর্যায়ে উভয় পক্ষের লোকজন দেশীয় অস্ত্র নিয়ে সংঘর্ষে জড়িয়ে পড়ে। এতে নারীসহ অন্তত ৭ জন আহত হয়। সেসময় ভাংচুর করা হয় বেশ কয়েকটি বাড়ী-ঘর।

পরে পুলিশ খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রনে আনে। এলাকায় আবারও সংঘর্ষ এড়াতে ঘটনাস্থলে পুলিশ মোতায়েন করা হয়েছে। আহতদের উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতালসহ স্থানীয় ভাবে চিকিৎসা দেওয়া হয়েছে।

এ ব্যাপারে শৈলকূপা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মাসুম খান জানান, দুই দু'পক্ষের মধ্যে দীর্ঘদিনের সামাজিক বিরোধ ছিলো। সংঘর্ষের পর পরিস্থিতি শান্ত করা হয়েছে। এলাকার পরিস্থিতি স্বাভাবিক রাখতে পুলিশ মোতায়েন করা আছে। লিখিত অভিযোগ পেলে উভয় পক্ষের

মামলা নেওয়া হবে।

বিনাইদহ নারী ধান ক্ষেত

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 24 April, 2025 20:56

URL: <https://timestodaybd.com/across-the-country/7758071241>